



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং: - ৩৭.০২.০০০০.১০৯.১৪.১৭৩.২০২০-৬৩

তারিখ: ২২/১০/২০২০খ্রি.

বিষয়: সংসদ বাংলাদেশ টেলিভিশনে মাধ্যমিক (ষষ্ঠ থেকে দশম শ্রেণি) পর্যায়ের শিক্ষা কার্যক্রমের সম্প্রচার ২৪-২৯ অক্টোবর ২০২০ তারিখ পর্যন্ত বন্ধ থাকা প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ বা করোনা মহামারির সময়ে মাধ্যমিক পর্যায়ের শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনার আলোকে শিক্ষা মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা “আমার ঘরে আমার স্কুল” অনুষ্ঠান বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের সংসদ বাংলাদেশ টেলিভিশন এর মাধ্যমে সম্প্রচার করে আসছে। শ্রী শ্রী দুর্গা পূজা উপলক্ষে মাধ্যমিক (ষষ্ঠ থেকে দশম শ্রেণি) পর্যায়ের শিক্ষা কার্যক্রমের নতুন ক্লাস সম্প্রচার আগামী ২৪-২৯ অক্টোবর ২০২০ তারিখ পর্যন্ত বন্ধ থাকবে। উল্লিখিত সময়ে পূর্বে সম্প্রচারিত ক্লাসসমূহ পুনঃপ্রচার করা হবে। ০১ নভেম্বর ২০২০ তারিখ থেকে যথারীতি নতুন ক্লাসের সম্প্রচার শুরু হবে এবং যথাসময়ে ক্লাস রুটিন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

এমতাবস্থায়, বিষয়টি সংশ্লিষ্টদের অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রফেসর ড. প্রবীর কুমার ভট্টাচার্য
পরিচালক (প্রশিক্ষণ)
ও
পরিচালক (পরি. ও উন্ন., অ. দা.)
ফোন: ০২-৯৫৫৯১০১

জেলা শিক্ষা কর্মকর্তা (সকল)

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
২. উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল) তার আওতাধীন প্রতিষ্ঠান প্রধানদের অবহিত করার অনুরোধসহ
৪. প্রতিষ্ঠান প্রধান (সকল মাধ্যমিক বিদ্যালয়), তার আওতাধীন বিষয় শিক্ষক ও শিক্ষার্থীদের অবহিত করার অনুরোধসহ
৫. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
৬. সংরক্ষণ নথি